

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd


নথি নং-০৮.০০.০০০০.০৩৬.৪৬.০১০.১৭- ৩০৪

তারিখঃ ০২ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
১৬ মার্চ, ২০১৭ খ্রিঃ

বিষয় : নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও ভোগ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগে বর্তমানে ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রস্তুত কার্যক্রম, SDG বাস্তবায়ন সম্পর্কিত অতি গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকারভিত্তিক কার্যাদি, বিসিএস (কর) ও বিসিএস (কাস্টমস এন্ড এক্সাইজ) ক্যাডারের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের চাকুরি সহায়ীকরণ, পদোন্নতি, শুষ্ক গোয়েন্দা ও তদন্ত বিভাগকে গতিশীল করার জন্য যন্ত্রপাতি ক্রয়, সর্বোপরি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের গুরুত্বপূর্ণ কাজ চলমান রয়েছে। এ বিভাগের কাজের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সাপ্তাহিক ছুটির দিনেও অফিস খোলা রাখতে হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারী কম গুরুত্বপূর্ণ/ব্যক্তিগত কাজে তাদের একধাপ উপরের কর্মকর্তার অনুমোদন নিয়ে ২-৪ দিন পর্যন্ত নৈমিত্তিক ছুটি ভোগ করছেন। যা সিনিয়র ম্যানেজমেন্ট টিম (SMT) এবং সিনিয়র সচিব মহোদয় অবগত থাকেন না। এ ধরনের ছুটি ভোগের কারণে অফিসের গুরুত্বপূর্ণ কাজ যথাসময়ে সম্পাদন করা ব্যাহত হচ্ছে।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এ ধরনের ছুটি গ্রহণ থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো। গুরুত্বপূর্ণ কাজে ছুটি প্রয়োজন হলে সেক্ষেত্রে অতিরিক্ত সচিব, সিনিয়র সচিব (প্রযোজ্য ক্ষেত্রে) মহোদয়ের অনুমোদন নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ সুলতান উল ইসলাম চৌধুরী)
অতিরিক্ত সচিব

বিতরণ :

- ১। অতিরিক্ত সচিব(সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। কর্মকর্তা/কর্মচারী (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

নথি নং-০৮.০০.০০০০.০৩৬.৪৬.০১০.১৭-

তারিখঃ ০২ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
১৬ মার্চ, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ সুলতান উল ইসলাম চৌধুরী)
অতিরিক্ত সচিব